

মাদ্রাসায় বিজ্ঞানভিত্তিক শিক্ষা নিশ্চিত করা হবে : শিক্ষা উপদেষ্টা

■ ইত্তেফাক রিপোর্ট

মাদ্রাসা শিক্ষার্থীদের সমাজজীবনের জন্য উপযুক্ত করে গড়ে তুলতে হবে উল্লেখ করে শিক্ষা উপদেষ্টা চৌধুরী রফিকুল (সি আর) আবরার বলেছেন, মাদ্রাসায় বিজ্ঞানভিত্তিক শিক্ষা নিশ্চিত করা হবে। মাদ্রাসা শিক্ষার্থীদের জন্য বিজ্ঞানভিত্তিক শিক্ষাব্যবস্থা প্রণয়ন করতে হবে।

গতকাল বুধবার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ‘মাদ্রাসা শিক্ষার অতীত, বর্তমান ও ভবিষ্যৎ’ নিয়ে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব বলেন।

অতীতে পোশাকের কারণে অনেককে জঙ্গি সাজানো হয়েছিল মন্তব্য করে শিক্ষা উপদেষ্টা বলেন, ‘যারা এ কাজে জড়িত ছিল, তাদের বিচারের আওতায় আনতে হবে। মাদ্রাসায় কোনো অপরাধ হলে সেগুলো তদন্ত করে জড়িতদের শাস্তি নিশ্চিত করতে হবে।’ সব সম্প্রদায়ের মানুষের প্রতিই সংবেদনশীল হতে হবে বলেও মন্তব্য করেন অধ্যাপক সি আর আবরার।

তিনি আরো বলেন, ‘বিগত আওয়ামী লীগ সরকারের হাজার হাজার কোটি টাকা লুটপাট শিক্ষা খাতকে নানাভাবে ক্ষতিগ্রস্ত করেছে। ফলে ভয়াবহ সংকটে পতিত শিক্ষা খাত ও শিক্ষাব্যবস্থা এখন খাদের কিনারায়।’ বর্তমান সরকার সেসব সংকট কাটিয়ে উঠতে সুশাসন প্রতিষ্ঠা ও সংস্কারে মনোযোগী হবে বলে জানান শিক্ষা উপদেষ্টা।

শিক্ষা মন্ত্রণালয়ের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগের সচিব ড. খ ম কবিরুল ইসলামের সভাপতিত্বে সভায় মন্ত্রণালয় ও অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও মাদ্রাসার অধ্যক্ষ এবং শিক্ষক-শিক্ষার্থীরা অংশ নেন।